

# শিক্ষার্থীদের জন্য আচরণবিধি

শিক্ষার্থী এবং পিতামাতা বা পরিচর্যাকারীদের জন্য তথ্য

NSW সরকারী স্কুলগুলো বিভিন্ন প্রেক্ষাপটে প্রত্যেককে নিরাপদ, সহায়ক এবং প্রতিক্রিয়াশীল শিক্ষার পরিবেশ সরবরাহ করতে প্রতিশ্রুতিবদ্ধ। আমরা আমাদের শিক্ষার্থীদের মধ্যে অন্তর্ভুক্তিমূলক এবং নিরাপদ আচরণগুলো শেখাই এবং মডেলিংয়ের মাধ্যমে মূল্যায়ন করি।

## NSW সরকারী স্কুলগুলোতে শিক্ষার্থীদের কাছ থেকে তাদের সামর্থ্য অনুযায়ী, আশা করা হয় যে তারা:

- অন্যান্য শিক্ষার্থী, তাদের শিক্ষক এবং স্কুল কর্মী এবং সম্প্রদায়ের সদস্যদের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করবে
- স্কুল এবং ক্লাসের নিয়ম অনুসরণ করবে এবং তাদের শিক্ষকদের নির্দেশাবলী অনুসরণ করবে
- শেখার সর্বোচ্চ মানের জন্য চেষ্টা করবে
- নম্রভাবে এবং সম্মানের সাথে আচরণ করবে যাতে স্কুল সম্প্রদায়ের প্রত্যেকে মূল্যবোধ, অন্তর্ভুক্তিকরণ এবং সমর্থন বোধ করে
- সম্মানজনকভাবে, শান্তভাবে এবং ন্যায্যভাবে সংঘাত সমাধান করবে
- স্কুলের সম্মত ইউনিফর্ম নীতি বা ড্রেস কোড মেনে চলবে
- প্রতিদিন স্কুলে যাবে (যদি না আইনগত ছাড় দেয়া হয়)
- সকল সম্পত্তিকে সম্মান করবে
- নিরাপদ থাকবে এবং সহিংস হবে না বা অস্ত্র, অবৈধ ড্রাগ, অ্যালকোহল, ভ্যাপস, ই-সিগারেট বা তামাক আমাদের স্কুলে নিয়ে আসবে না
- আমাদের স্কুলে কাউকে উত্ক্রম করা, হয়রানি করা, ভয় দেখানো বা বৈষম্য প্রদর্শন করবে না।

স্কুল ঐ সকল আচরণের প্রতিক্রিয়া হিসাবে পদক্ষেপ নেয় যেগুলো নিজের বা অন্যের পক্ষে ক্ষতিকারক বা উচ্চমানের শিক্ষাদান এবং শেখার অর্জনের জন্য ক্ষতিকারক।

## সকল শিক্ষার্থীর অধিকার রয়েছে:

- স্কুলে নিরাপত্তা
- তাদের শিক্ষায় প্রবেশাধিকার এবং পূর্ণ অংশগ্রহণ
- অন্যান্য শিক্ষার্থী, শিক্ষক এবং স্কুল কর্মীদের কাছ থেকে সম্মান পাওয়া
- তাদের মতামত প্রকাশ করার, লক্ষ্য নির্ধারণ করার এবং নিজেদের পক্ষে সমর্থন করার ক্ষমতা।

শৃঙ্খলা বজায় রাখার জন্য, নিরাপদ, উৎসাহজনক এবং প্রতিক্রিয়াশীল শিক্ষার পরিবেশ তৈরি করার জন্য এবং শিক্ষার্থীরা এই মানগুলোতে পৌঁছাতে ব্যর্থ হলে উপযুক্ত ব্যবস্থা নেওয়ার জন্য সেরা ব্যক্তিত্ব হলে অধ্যক্ষ এবং স্কুলের কর্মীরা, যারা তাদের পেশাদার বিচার-বিবেচনা প্রয়োগ করেন।

অধ্যক্ষ এবং স্কুলের কর্মীরা যেন তাদের পেশাদার বিচার-বিবেচনা প্রয়োগ করতে পারেন সেই নিমিত্তে বিভাগটি নীতিমালা এবং বিভিন্ন রিসোর্স তৈরীর কাজে দায়িত্ব রয়েছে, যেমন আইনি সমস্যা বুলেটিন, বিশেষজ্ঞের উপদেশ পাওয়া এবং পেশাগত শিক্ষার সুযোগ।

এই প্রসঙ্গে, NSW সরকার এবং শিক্ষা বিভাগ স্থানীয় পর্যায়ে অধ্যক্ষ এবং স্কুল কর্মীদের কর্তৃত্ব এবং রায়কে সমর্থন করবে।

## শিক্ষার্থীদের জন্য আচরণবিধি: শিক্ষার্থীদের ক্রিয়াকলাপ

NSW সরকারী স্কুলগুলোতে সকল শিক্ষার্থীদের অন্তর্ভুক্তি, শেখা, সুস্থতা এবং সুরক্ষা প্রচার করা শিক্ষা বিভাগের জন্য একটি উচ্চ অগ্রাধিকার।

আমরা সম্মানজনক, নিরাপদ এবং অংশগ্রহণমূলক আচরণের জন্য আমাদের উচ্চ মান পূরণের জন্য শিক্ষার্থীদের প্রয়োজনীয় দক্ষতার বিকাশকে সমর্থন করতে আমরা বিভিন্ন পটভূমিতে বিভিন্ন ধরনের শিক্ষাদান এবং শেখার কৌশল ব্যবহার করি।

## উপরে উল্লিখিত প্রত্যাশাগুলো পূরণের জন্য, NSW সরকারী স্কুলগুলোর শিক্ষার্থীদের, তাদের সামর্থ্য অনুযায়ী, নিম্নলিখিত নীতিগুলো মেনে চলা উচিত।

### সম্মান

- এক অপরের প্রতি শ্রদ্ধা দেখান।
- যোগাযোগ করা এবং বিনয়ী আচরণ করা।
- অন্যান্য ছাত্র, শিক্ষক এবং স্কুল কর্মীদের সাথে ভালো আচরণ করা এবং সহযোগিতার সাথে কাজ করা।
- ইতিবাচক এবং সম্মানজনক সম্পর্ক গড়ে তোলা।
- অন্যের আগ্রহ, ক্ষমতা এবং সংস্কৃতিকে মূল্য দেয়া।
- অন্যান্য শিক্ষার্থীদের শেখার চাহিদাকে সম্মান করা।
- সম্মত স্কুল ইউনিফর্ম বা ড্রেস কোড মেনে চলে যথাযথভাবে পোশাক পরা।
- স্কুলের সম্পত্তি এবং কর্মী এবং অন্যান্য শিক্ষার্থীদের সম্পত্তির যত্ন নেয়া।

## নিরাপত্তা

- ব্যবহার এবং আচরণ ঘিরে স্কুল এবং ক্লাসের যেসকল নিয়ম-কানুন এবং প্রত্যাশা আছে সেগুলো অনুসরণ করা এবং অন্যদের অনুসরণ করার জন্য একটি উদাহরণ সেট করা।
- আলোচনা এবং দ্বন্দ্ব সমাধান করা।
- তাদের আচরণ এবং কাজগুলো কীভাবে অন্যদের প্রভাবিত করে সে সম্পর্কে সচেতন থাকা এবং দায়িত্ব নেয়া।
- নিজের এবং অন্যদের যত্ন নেয়া।
- নিরাপদ থাকা এবং অন্যদের এমন সিদ্ধান্ত নিতে সহায়তা করা যা তাদের বা অন্যদের ক্ষতি করবে না।

## অংশগ্রহণ

- সময়মতো স্কুলে এবং ক্লাসে পৌঁছান।
- প্রতিটি পাঠের জন্য প্রস্তুত থাকা।
- সক্রিয়ভাবে শেখার অংশগ্রহণ করা।
- শিক্ষার সর্বোচ্চ মানের জন্য উচ্চাকাঙ্ক্ষা এবং প্রচেষ্টা করা।

## টেলিফোন দোভাষী সেবাব্যবস্থা

আপনি যদি আরও তথ্য চান তবে অনুগ্রহ করে স্কুল অধ্যক্ষকে কল করুন। আপনার অনুসন্ধান সহায়তা করার জন্য যদি আপনার কোনও দোভাষীর প্রয়োজন হয় তবে অনুগ্রহ করে টেলিফোন দোভাষী পরিষেবায় 131 450 নম্বরে কল করুন এবং আপনার ভাষায় একজন দোভাষীর জন্য জিজ্ঞাসা করুন।

আপনি যে ফোন নম্বরটিতে কল করতে চান তা অপারেটরকে বলুন এবং অপারেটর আপনাকে কথোপকথনে সহায়তা করার জন্য লাইনে একজন দোভাষীর ব্যবস্থা করবেন। এই পরিষেবার জন্য আপনাকে কোনও অর্থ দিতে হবে না।